

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩

১. ইখলাস (كتاب الإخلاص)

পরিচ্ছেদঃ ১) ইখলাস, সত্যবাদিতা ও সৎ নিয়তের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الإخلاص والصدق والنية الصالحة

আরবী

3 ـ (صحيح) عَنْ أَبِي فِرَاسٍ رَجُلٍ مِنْ أَسْلَمَ، قَالَ: نَادَى رَجُلٌ، فَقَالَ: يَا رَسُولَ اللهِ، مَا الْإيمَانُ؟ قَالَ: " الْإِخْلَاصُ ".

وفي لفظ آخر قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: سَلُونِي عَمَّا شِئْتُمْ"، فَنَادَى رَجُلٌ: يَا رَسُولَ اللهِ، مَا الْإِسْلَامُ ؟ قَالَ: " إِقَامُ الصَّلَاةِ وَإِيتَاءُ الزَّكَاةِ "، قَالَ: فَمَا الْإِيمَانُ ؟ قَالَ: " التَّصنديقُ بالْقيامةِ. رواه البيهقي

বাংলা

৩. (সহীহ্) আবু ফেরাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি ছিলেন আসলাম গোত্রের লোক। তিনি বলেন, জনৈক ব্যক্তি ডাক দিয়ে বলল, হে আল্লাহর রাসূল! ঈমান কি? তিনি বললেন, "ইখলাস বা একনিষ্ঠতা।"[1]

অন্য বর্ণনায় তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) (একদা) বললেনঃ 'যা ইচ্ছা তোমরা আমাকে প্রশ্ন কর।''

তখন জনৈক ব্যক্তি ডাক দিয়ে বলল, হে আল্লাহর রাসূল! ইসলাম কি?

তিনি বললেনঃ ''সালাত কায়েম করা ও যাকাত প্রদান করা।''

সে বলল, ঈমান কি?

তিনি বললেনঃ "ইখলাস বা একনিষ্ঠতা।"

সে বলল, ইয়াক্বীন কি?

তিনি বললেনঃ "(ইসলাম ধর্মের যাবতীয় বিষয়কে) সত্য প্রতিপন্ন করা।"[2]

(হাদীছটি বর্ণনা করেছেন বায়হাকী)

ফুটনোট



- [1]. ভ'আবুল ঈমান লি আবি বাকর আল বাইহাক্কী হা/৬৪৪১
- [2]. শু'আবুল ঈমান লি আবি বাকর আল বাইহাকী হা/৬৪৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ ফিরাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন